



RTM Al-Kabir Technical University (RTM-AKTU)

E-mail: info@rtm-aktu.edu.bd, Web: www.rtm-aktu.edu.bd



তারিখঃ- ১ সেপ্টেম্বর ২০২১ ইং

প্রেস রিলিজ

প্রফেসর মমতাজ শামীম, আরটিএম আল-কবির টেকনিক্যাল ইউনিভার্সিটি এর ড্রেজারার পদে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর কর্তৃক মনোনীত হয়ে অদ্য ১ সেপ্টেম্বর ২০২১ ইং তারিখ রোজ বুধবার পূর্বাহ্নে কর্মস্থলে যোগদান করেন। ড্রেজারার যোগদানের পর আরটিএম আল-কবির টেকনিক্যাল ইউনিভার্সিটি, সিলেট এর অনুষদ সদস্য, প্রশাসনিক ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে এক সমন্বয়সভা অনুষ্ঠিত হয়। উল্লেখ্য যে, প্রফেসর মমতাজ শামীম ইতোপূর্বে সিলেট মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের চেয়ারম্যান এর দায়িত্ব পালন করেন। দীর্ঘ প্রায় ৩০ বছরের কর্মজীবনে তিনি সরকারী ইডেন গার্লস কলেজ সহ বিভিন্ন কলেজের প্রাণীবিদ্যা বিভাগের চেয়ারম্যান ও অধ্যাপনার দায়িত্ব সফলতার সাথে পালন করেছেন। তাছাড়া তিনি বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনে ও নিয়োজিত ছিলেন। সমন্বয় সভায় ভাইস চ্যান্সেলর ড. মোহাম্মদ নাজমুল হক সভাপতিত্ব করেন এবং তিনি নব নিযুক্ত ড্রেজারার সহ সকলকে নিয়ে বিশ্ববিদ্যালয়ের অগ্রযাত্রায় আশাবাদ ব্যক্ত করেন। ড্রেজারার ও বিশ্ববিদ্যালয় টীমকে স্বাগত: জানিয়ে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান ড. আহমদ আল কবির ও ম্যানেজিং ট্রাস্টি ড. আহমদ আল ওয়ালী। বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার সৈয়দ জগলুল পাশা, ব্যবসা প্রশাসন অনুষদ ডীন ড. তোফায়েল আহমদ, কম্পিউটার সায়েন্স বিভাগীয় প্রধান জনাব মোঃ মিনহাজুল হক ভূঁইয়া, আরটিএম মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র পরিচালক ডা এইচ আই লতিফী, পরিচালক(অর্থ) জনাব আখতার হোসেন, ডেপুটি রেজিস্ট্রার দেলওয়ার জাহান চৌধুরী, ছাত্র কল্যাণ উপদেষ্টা মোঃ মাজেদ আহমদ ড্রেজারারকে স্বাগত জানান এবং নুতন ধারার আধুনিক অবকাঠামো সম্বলিত ক্যাম্পাসপূর্ণ বিশ্ববিদ্যালয়কে সিলেটের মানুষের জন্য অনন্য প্রতিষ্ঠানে রূপায়নের অংগীকার ব্যক্ত করেন। সদ্য যোগদানকারী ড্রেজারার, তাঁর বক্তব্যে বিশ্ববিদ্যালয়কে সমৃদ্ধ করার কাজে সকলের সহযোগিতা কামনা করেন। অনুষ্ঠানে আরটিএম আল-কবির টেকনিক্যাল ইউনিভার্সিটি এর অনুষদের সদস্যবর্গ ও কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।


সৈয়দ জগলুল পাশা
রেজিস্ট্রার
মোবাইল: 01819219479
ইমেইল: registrar@rtm-aktu.edu.bd